◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ স:মে:ই-১/স:মে:ই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ ০৩/০২/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময়	:	২২ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ, বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	:	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন পূর্বক সভা শুরু করেন। অতঃপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়ন প্রস্তুতির অগ্রগতি উপস্থাপনের জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন)কে অনুরোধ জানান। অতিরিক্ত সচিব (প্রশাসন) মোঃ আব্দুল মালেক জানান যে, জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে এ বিভাগ কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম/কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে গত ০২-১২-২০১৯ তারিখে সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয় এবং সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের অতিরিক্ত সচিববৃন্দকে আহবায়ক করে ০৫টি কমিটি গঠনপূর্বক সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ করা হয়েছে। তিনি বিভিন্ন কমিটি কর্তৃক গৃহীত কার্যক্রমের হালনাগাদ অগ্রগতি সংক্ষেপে বর্ণনা করেন। অতঃপর অগ্রগতির সুনির্দিষ্ট পর্যায়সহ পরিকল্পনার প্রাসঙ্গিক নতুন কোন বিষয় অন্তর্ভুক্তির প্রয়োজন হলে তা ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট কমিটির আহবায়কগণকে বক্তব্য প্রদানের অনুমতি দানের জন্য সভাপতির সম্মতি কামনা করেন। এ পর্যায়ে আহবায়কবৃন্দকে বিস্তারিত বক্তব্য পেশের জন্য সভাপতি আহ্বান জানান।

২.০ ধারাবাহিকতাক্রমে জাতীয় সমন্বয় কমিটির নিকট প্রেরিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে এ বিভাগের অধীনস্ত সংস্থাসমূহ কর্তৃক গৃহিত কার্যক্রম/কর্মসূচির বিবরণ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়। উপস্থিত প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করে স্ব স্ব কার্যক্রম ও বাস্তবায়ন পরিকল্পনা তুলে ধরেন। বিস্তারিত আলোচনার পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পর্কে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
০১.	ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘরে ১৭ মার্চ ২০২০ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর আওতাধীন দপ্তর/সংস্থা এর প্রধান কার্যালয়ে আলোকসজ্জা ও দোয়া মাহফিলের আয়োজন। আলোচনাঃ ক) **পুষ্পমাল্য অর্পণ:** নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ সুষ্ঠভাবে সম্পন্নের নিমিত্ত সকল প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে।	তারিখ ১৭/০৩/২০২০ ধানমন্ডি ৩২ নম্বর	সিদ্ধান্ত: নির্ধারিত তারিখে বাংলাদেশ সচিবালয় হতে বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ সফলভাবে সম্পন্ন করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০১
	খ) **আলোকসজ্জা ও দোয়া মাহফিল:** সড়ক ও জনপথ অধিদপ্তর, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের প্রধান কার্যালয়ে ২ দিনব্যাপী আলোকসজ্জা এবং এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় দোয়া মাহফিল আয়োজনের প্রস্তুতি স্ব স্ব দপ্তরের ফোকাল পয়েন্টগণ সভাকে অবহিত করেন।		সিদ্ধান্ত: সওজ অধিদপ্তর, বিআরটিএ ও বিআরটিসি প্রধান কার্যালয়ে ২ দিনব্যাপী আলোকসজ্জা এবং এ বিভাগসহ সকল দপ্তর/সংস্থায় দোয়া মাহফিল আয়োজন করতে হবে। দোয়া মাহফিলের সময়সূচি নির্ধারণ করে এ বিভাগ'কে অবহিত করতে হবে।	মনিটরিং কমিটি-০১

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
০২.	১৭ মার্চ ২০২০ বা সন্নিহিত কোনো তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা এর প্রতিনিধিদের সমন্বয়ে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত। আলোচনাঃ ক) এ বিভাগে ০২-১২-২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী মতিঝিল বাস ডিপো হতে এ বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থা হতে মোট ৮০ জন প্রতিনিধি টুঙ্গিপাড়ায় গমণ করে বঙ্গবন্ধুর মাজার জিয়ারত করবেন। প্রতিনিধগণের টুঙ্গিপাড়ায় যাতায়াতের জন্য বিআরটিসি'র ০২টি বাস নদীর মাওয়া প্রান্তে এবং ০২টি বাস নদীর অপর প্রান্তে রাখার প্রস্তাবটি যথাযথ হবে কিনা অবিলম্বে তা পরীক্ষা করে সংশ্লিষ্ট কমিটি পরিকল্পনা চূড়ান্ত করতে পারে। খ) মুন্সিগঞ্জ সড়ক বিভাগ ও গোপালগঞ্জ সড়ক জোনের পক্ষ হতে প্রতিনিধি দলকে কিভাবে সহযোগিতা প্রদান করা হবে সে বিষয়েও বিস্তারিত আলোচনা হয়।	২১/০৩/২০২০ তারিখে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর মাজার জিয়ারত	সিদ্ধান্ত: ক) ৮০ জন প্রতিনিধির বঙ্গবন্ধুর মাজার জিয়ারতের উদ্দেশ্যে টুঙ্গিপাড়ায় গমণের গৃহীত সিদ্ধান্তটি বাস্তবায়নার্থে মাওয়া ঘাটের উভয় পাড়ে পৃথকভাবে ০২টি করে ০৪টি বাসের ব্যবস্থা রাখার বিষয়টি যাচাই করে পরবর্তী সভায় একটি পরিকল্পনা পেশ করতে হবে। সিদ্ধান্ত: খ) মুন্সীগঞ্জ সড়ক বিভাগ বিশেষ ব্যবস্থাধীনে নদী পারাপারের উদ্যোগ গ্রহণ করবে এবং সড়ক জোন গোপালগঞ্জ প্রতিনিধি দলের ঢাকা হতে গোপালগঞ্জের টুঙ্গি পাড়া যাতায়াত ও মাজার জিয়ারতের বিষয়ে স্থানীয়ভাবে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য একটি সুনির্দিষ্ট রূপরেখা তৈরি করবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০১ মনিটরিং কমিটি-০১
০৩.	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের উপর আলোচনা সভা/সেমিনারের আয়োজন। আলোচনাঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সকল স্তরের কর্মচারীর অংশগ্রহণে জাতির পিতার জীবন ও কর্মের বিষয়ে অভিজ্ঞ ও দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গের উপস্থিতিতে এ বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থায় আলোচনা সভা আয়োজনের বিষয়টি অবিলম্বে চূড়ান্ত করা সম্পর্কে আলোচনা হয়। সকল আলোচনা সভা/সেমিনার আনুষ্ঠানিকভাবে আয়োজনের লক্ষ্যে তারিখ, দিন নির্ধারণ, বক্তা ও আমন্ত্রিতদের তালিকা, দাওয়াত কার্ড ছাপানোসহ সকল প্রস্তুতি গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।	৩১/০৩/২০- সওজ ১৭/০৬/২০- বিআরটিসি ১৭/০৭/২০- ডিটিসিএ ১৭/০৮/২০- বিআরটিএ ১৭/০৯/২০-সড়ক পরিবহন ও সহাসড়ক বিভাগ ১৭/১০/২০- ডিএমটিসিএল	সিদ্ধান্ত: এ বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা নির্ধারিত তারিখ অনুসরণে সুষ্ঠুভাবে আলোচনা সভার আয়োজন করবে এবং অতিথিদের দাওয়াত কার্ড এর মাধ্যমে আলোচনা সভায় আমন্ত্রণ জানাতে হবে। পরবর্তী সভায় দাওয়াত কার্ডসহ আমন্ত্রিতদের তালিকার খসড়া উপস্থাপন করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০১
০৪.	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা'র দাপ্তরিক কাজে বঙ্গবন্ধুর স্মৃতি সংবলিত বিশেষ খাম ব্যবহার। আলোচনাঃ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উদ্যোগে দাপ্তরিক যোগাযোগের জন্য বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কিত ছয় হাজার খাম ছাপিয়ে আওতাধীন সকল দপ্তর/সংস্থার মাঝে বিতরণ বিষয় সভায় আলোচনা হয় এবং অবিলম্বে খামের ডিজাইন প্রণয়ন করার জন্য সভাপতি নির্দেশনা দেন। এ বিষয়ে অগ্রগতি আছে মর্মে সংশ্লিষ্ট কমিটির আহবায়ক উল্লেখ করেন।	১৭/০৩/২০২০ হতে বছরব্যাপী	সিদ্ধান্ত: বঙ্গবন্ধুর প্রতিকৃতি ও জন্মশতবার্ষিকীর লোগো সম্বলিত খামের ডিজাইন ৩০-০১-২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট মনিটরিং কমিটি কর্তৃক চূড়ান্ত করে এ বিভাগের প্রশাসন শাখায় দাখিল করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং মনিটরিং কমিটি-০২

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
০৫.	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা'র উদ্যোগে কেন্দ্রীয় রক্তদান কর্মসূচি পালন। আলোচনাঃ দিনব্যাপী রক্তদান কর্মসূচিতে ২০-০২-২০২০ তারিখের মধ্যে আগ্রহী কর্মকর্তা/কর্মচারীদের তালিকা সংগ্রহ করার জন্য সভাপতি পরামর্শ রাখেন। রক্তদান কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য সন্ধানী অথবা অন্যকোন প্রতিষ্ঠান নির্ধারন করে সংগঠনটির সাথে যোগাযোগ রক্ষা এবং রক্তদানের বিষয়টি বিভিন্ন মিডিয়ার মাধ্যমে ব্যাপক প্রচার করা যথাযথ হবে বলে সভাপতি অভিমত দেন।	তারিখ ১৮/০৪/২০২০, সড়ক ও জনপথ অধিদপ্তর প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর, ঢাকা।	সিদ্ধান্ত: দিনব্যাপী রক্তদান কর্মসূচি সফলভাবে আয়োজনের জন্য মার্চ-২০২০ এর মধ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করতে হবে। রক্তদানে আগ্রহী সংস্থাভিত্তিক কর্মকর্তা/কর্মচারীদের তালিকা ২০-০২-২০২০ তারিখের মধ্যে প্রণয়ন করতে হবে এবং সন্ধানী অথবা অন্যকোন সংগঠন নির্ধারন করে সহযোগিতা দানের লক্ষ্যে তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখা এবং রক্তদান কর্মসূচির তথ্য বিভিন্ন মিডিয়ার মাধ্যমে ব্যাপকভাবে প্রচার করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০২
০৬.	এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা এর কর্মকর্তা/ কর্মচারিদের সন্তান-সন্ততিদের জন্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর আত্মজীবনী ও কীর্তি বিষয়ক রচনা প্রতিযোগিতার আয়োজন। আলোচনাঃ রচনা প্রতিযোগিতার বিষয় নির্বাচন করে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের নোটিশ দেওয়ার বিষয়টি সভায় আলোচনা হয় এবং এ সংক্রান্ত নোটিশ এ বিভাগ ও দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং সরকারি ছুটির দিনে রচনা প্রতিযোগিতার আয়োজন করার ওপর সভাপতি গুরুত্বারোপ করেন। বিষয় নির্ধারণ করে একই দিনে সকল দপ্তর/সংস্থাও প্রতিযোগিতার আয়োজন করবে। সওজ এর জোন কার্যালয় এবং অন্যান্য দপ্তর/সংস্থা প্রতিযোগিতার সূচি, শিরোনাম ইত্যাদি এ বিভাগে প্রেরণ সম্পর্কে আলোচনা হয়। এ প্রসঙ্গে তত্বাবধায়ক প্রকৌশলী জনাব মোহাম্মদ আবুল কালাম আজাদ সওজ'র কর্মপরিকল্পনা তুলে ধরেন। তিনি জানান প্রত্যেক জোন এবং প্রধান কার্যালয়ে তিন ক্যাটাগরিতে রচনা প্রতিযোগিতা আয়োজন করে গ্রুপ ভিত্তিক নির্বাচিতদের নাম সওজ থেকে প্রেরণ করবে।	৩০/০৯/২০২০ বিআরটিএ সম্মেলন কক্ষ	সিদ্ধান্ত: রচনা প্রতিযোগিতার বিষয় অবিলম্বে নির্বাচন করতে হবে। রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করার জন্য নোটিশ দিতে হবে। এ সংক্রান্ত নোটিশ এ বিভাগ ও দপ্তর/সংস্থার ওয়েবসাইটে প্রকাশ এবং সরকারি ছুটির দিনে রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। জোন ভিত্তিক বিষয় নির্ধারণ করে ভিন্ন ভিন্ন তারিখে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তবে একই দিনে সকল সংস্থা প্রতিযোগিতার আয়োজন করবে। কেন্দ্রীয়ভাবে বিষয় নির্ধারণ করে দিতে হবে। পরবর্তী সভায় তারিখ ও বিষয় নির্বাচনসহ এ সংক্রান্ত বিস্তারিত সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা পেশ করতে হবে।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০২
০৭.	মুক্তিযুদ্ধ পরবর্তী বঙ্গবন্ধুর সময়কালে মহাসড়ক নেটওয়ার্কের ক্ষতিগ্রস্ততা এবং পুনঃনির্মাণ প্রতিফলিত করে বিশেষ প্রকাশনা। আলোচনাঃ মুক্তিযুদ্ধ পরবর্তী বঙ্গবন্ধুর সময়কালে মহাসড়ক নেটওয়ার্কের ক্ষতিগ্রস্ততা এবং পুনঃনির্মাণ প্রতিফলিত করে ১,০০০ কপির বিশেষ পুস্তিকা প্রকাশ এবং সকল বিভাগ/মন্ত্রণালয়/মাঠ প্রশাসনসহ বিভিন্ন গণগ্রন্থাগারে বিতরণ করার সিদ্ধান্ত বাস্তবায়নে সংশ্লিষ্ট কমিটিকে আরো সক্রিয় হওয়ার পরামর্শ রাখা হয়। এ পর্যায়ে সওজ এর প্রতিনিধিবৃন্দ অগ্রগতি উপস্থাপন করে ভবিষ্যৎ কার্যক্রম তুলে ধরেন ও সভার পক্ষ থেকেও কমিটিকে তথ্য দিয়ে পরামর্শ দেয়া হয়। পাবলিক লাইব্রেরীসহ সারাদেশ থেকে সঠিক তথ্য-উপাত্ত ও সচিত্র প্রতিবেদন পর্যালোচনা করে তথ্য ভিত্তিক পুস্তিকার একটি খসড়া দ্রুত প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করার জন্য অভিমত রাখা হয়।	৩০/০৩/২০২০	সিদ্ধান্ত: মুক্তিযুদ্ধ পরবর্তী বঙ্গবন্ধুর সময়কালে মহাসড়ক নেটওয়ার্কের ক্ষতিগ্রস্ততা এবং পুনঃনির্মাণের চিত্র প্রতিফলিত করে বিশেষ পুস্তিকা প্রকাশের লক্ষ্যে তথ্য-উপাত্ত ও সচিত্র প্রতিবেদন সমন্বয়ে তথ্য ভিত্তিক পুস্তিকার খসড়া ২৯-০২-২০২০ সময়ের মধ্যে প্রণয়ন করতে হবে এবং এ বিভাগ হতে অনুমোদন নিতে হবে।	মনিটিরিং কমিটি-৩, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর এবং মনিটরিং কমিটি-০৩

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
০৮.	মহাসড়ক নেটওয়ার্কের আওতাধীন গুরুত্বপূর্ণ মহাসড়কাংশ/ফ্লাইওভার/ সেতু/ইন্টারসেকশ/রেলওয়ে ওভারপাস সজ্জিতকরণ এবং সুবিধাজনক স্থানে বঙ্গবন্ধুর প্রতিকৃতি/চিত্রকর্ম স্থাপন/প্রদর্শন। আলোচনাঃ এ বিষয়ে সংশ্লিষ্ট ০৩ নম্বর মনিটরিং কমিটির পক্ষ হতে সওজ'র প্রতিনিধি গৃহীত পরিকল্পনা উপস্থাপন করেন। ভাঙ্গা ইন্টার-সেকশন সেনাবাহিনী কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পের এলাকাভুক্ত হওয়ায় স্থায়ীভাবে অবকাঠামো করার জন্য সেনাবাহিনীর সম্মতির প্রয়োজন মর্মে সভাকে অবহিত করা হয়। বিষয়টি অতিরিক্ত সচিব (উন্নয়ন) জনাব চন্দন কুমার দে ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী ঢাকা জোন সমন্বয় করতে পারেন উল্লেখ করে সভায় এটিসহ গৃহীত নানাবিধ পরিকল্পনা বাস্তবায়নের খুঁটিনাটি দিক আলোচনা করা হয়। সভায় মহাসড়ক ইন্টার-সেকশন ও মহানগরীর প্রবেশদ্বারে স্থাপনের নিমিত্ত নান্দনিক ভাস্কর্য, স্তম্ভ, স্মৃতিফলক ইত্যাদি নির্বাচনের চলমান কার্যক্রম সভায় মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপন করা হয় এবং সভা হতে এ ব্যাপারে প্রয়োজনীয় পরামর্শ রাখা হয়। সভাপতি সড়কের বিভিন্ন স্থাপনাসহ অন্যান্য জোনের গুরুত্বপূর্ণ ব্রিজ, ফুটওভার, ফ্লাইওভার ইত্যাদি পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য সংশ্লিষ্টদের আহবান জানান।	০১/০১/২০২১ গুরুত্বপূর্ন মহাসড়ক ইন্টার-সেকশন এবং ঢাকা মহানগরীর প্রবেশদ্বার (সম্ভাব্য)	সিদ্ধান্ত: নির্ধারিত স্থানসমূহ ১৭ মার্চের পূর্বে বিভিন্ন মহাসড়ক ইন্টার-সেকশন সড়কদ্বীপ রোড সেকশন সুসজ্জিতকরণের কর্মপরিকল্পনা চূড়ান্ত করে ডিজাইন আগামী ১৫ ফেব্রুয়ারি/২০ সময়ের মধ্যে চূড়ান্ত করে পরবর্তী সভায় দেখিয়ে বাস্তবায়ন শুরু করতে হবে। এ ক্ষেত্রে প্রতিকৃতি, স্তম্ভ ইত্যাদি নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করবে।	সওজ অধিদপ্তর এবং মনিটরিং কমিটি-০৩
০৯.	জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিতকরণ। আলোচনাঃ জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিআরটিএ কর্তৃক ৪ লাখ লিফলেট বিতরণ এবং প্রতি জেলায় একটি করে প্রাইমারিস্কুল, হাইস্কুল, মাদ্রাসা এবং কলেজ পর্যায়ে বিআরটিএ কর্তৃক এবং ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের ২টি শিক্ষা প্রতিষ্ঠানে ডিটিসিএ কর্তৃক সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিতকরণ কর্মসূচি পরিচালনার প্রস্তাব বিষয় সভায় আলোচনা হয়। এ সংশ্লিষ্ট ০৫ নম্বর মনিটরিং কমিটির পক্ষ হতে বিআরটিএ এর প্রতিনিধি লিফলেটের ডিজাইন সভায় উপস্থাপন করেন । সভাপতি লিফলেটের ডিজাইন আরো সংশোধন বিষয়ে কতিপয় নির্দেশনা দেন।	১৭/০১/২০২০ হতে বছরব্যাপী সারাদেশে	সিদ্ধান্ত: সভার আলোচনা ও নির্দেশনা মোতাবেক লিফলেট এর ডিজাইন ১৫ ফেব্রুয়ারি/২০ সময়ের মধ্যে চূড়ান্ত করতে হবে এবং এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে ।	বিআরটিএ, ডিটিসিএ এবং মনিটরিং কমিটি-০৫
১০.	ঢাকা-খুলনা মহাসড়কের গোপালগঞ্জ জেলার ঘোনাপাড়া থেকে বঙ্গবন্ধুর সমাধিস্থল পর্যন্ত সপ্তাহব্যাপী বিনামূল্যে বিআরটিসি বাস সার্ভিসের মাধ্যমে সেবা প্রদান। আলোচনাঃ জাতির পিতার সমাধিস্থলে নির্বিঘ্নে যাতায়াতের লক্ষ্যে ঢাকা-খুলনা মহাসড়কের গোপালগঞ্জ জেলার ঘোনাপাড়া থেকে বঙ্গবন্ধুর সমাধিস্থল পর্যন্ত ১৭ মার্চ ২০২০ হতে ২৬ মার্চ ২০২০ পর্যন্ত বিআরটিসির দুটি বাস প্রত্যেক দিনে ০৩ (তিন) বার বিনামূল্যে যাত্রী পরিবহন সংক্রান্ত সিদ্ধান্তের অগ্রগতি ও বিআরটিসির প্রস্তুতি নিয়ে প্রাসঙ্গিক আলোচনা হয়। এ কর্মসূচী বাস্তবায়নে পূবাহ্নে গোপালগঞ্জের জেলা প্রশাসককে অবহিত করে সমন্বয়ের মাধ্যমে চুড়ান্তকরণসহ জনসাধারণের জ্ঞাতার্থে বাসের সূচী টিভি স্ক্রলে প্রচারের ওপর সভাপতি গুরুত্বারোপ করেন।	১৭ হতে ২৬ মার্চ ২০২০ ০ ঘোনাপাড়া, গোপালগঞ্জ হতে বঙ্গবন্ধুর সমাধিস্থল	সিদ্ধান্ত: বিআরটিসি'র দু'টি বাস ঘোনাপাড়া থেকে টুঙ্গিপাড়া বঙ্গবন্ধুর সমাধিস্থল পর্যন্ত দিনে ০৩ (তিন) বার বিনামূল্যে যাত্রী বহন বিষয়ে বাসসূচীসহ পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ এবং বাস ছাড়ার স্থান ও টুঙ্গিপাড়া বঙ্গবন্ধুর সমাধির নিকটবর্তি স্থানে সময়সূচি উপযুক্তভাবে প্রদর্শনের প্রচার করতে হবে। এ বিষয়ে প্রয়োজনীয় সমন্বয়ের লক্ষ্যে জেলা প্রশাসক, গোপালগঞ্জ'কে অবহিত করতে হবে এবং ইলেকট্রনিক মিডিয়াতে প্রচার করতে হবে।	বিআরটিসি এবং মনিটরিং কমিটি-০৪

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
১১.	পর্যটক ও ছাত্র/ছাত্রীদের জন্য হ্রাসকৃত ভাড়ায় নভোথিয়েটার ও বঙ্গবন্ধুর স্মৃতিবিজড়িত যাদুঘর/দর্শনীয় স্থানসমূহ পরিদর্শন ও শিক্ষা সফরের জন্য বিআরটিসি বাস সার্ভিস চালু। আলোচনাঃ ধানমন্ডির ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, জাতীয় জাদুঘর, আগারগাঁয়ে অবস্থিত মুক্তিযুদ্ধ জাদুঘর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার-এ পর্যটক ও ছাত্র-ছাত্রীদের পরিদর্শন ও শিক্ষা সফরের সুবিধার্থে হ্রাসকৃত ভাড়ায় বর্ণিত তারিখে বিআরটিসি বাস সার্ভিস সেবা প্রদান বিষয়ে সর্বশেষ পরিকল্পনা সভায় আলোচনা হয়। ছাত্র-ছাত্রীদের অবহিত করার জন্য এ বিষয়ে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ ও শিক্ষা মন্ত্রণালয়কে বিষয়টি অবহিত রাখা যথাযথ হবে মর্মে সভাপতি উল্লেখ করেন।	তারিখ ১৭/০৩/২০২০ ২৬/০৩/২০২০ ১৬/১২/২০২০ ১০/০১/২০২১ ১৭/০৩/২০২১ ০ শাহবাগ, ঢাকা হতে	সিদ্ধান্ত: পরবর্তী সভায় বাসসূচীর চূড়ান্ত খসড়া প্রস্তাব উপস্থাপন করতে হবে। অত:পর সকলকে অবহিত করতে এ সংক্রান্ত তথ্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচার করতে হবে।	বিআরটিসি এবং মনিটরিং কমিটি-০৪
১২.	ডিএমটিসিএল কর্তৃক "স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল" এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে জুলাই, ২০২০ মাসে মিনি পুস্তিকা প্রকাশ। আলোচনাঃ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড কর্তৃক জুলাই/২০২০ মাসে "স্বপ্নের বাস্তবায়ন: মেট্রোরেল" এবং "Dream Comes True: Metro Rail" নামে বাংলা ও ইংরেজিতে ২,০০০ কপি মিনি পুস্তিকার খসড়া সভায় উপস্থাপন করা হয়। পুস্তিকার চূড়ান্ত খসড়া এ বিভাগ'কে অবহিত রাখার জন্য সভাপতি নির্দেশনা দেন।	জুলাই, ২০২০	সিদ্ধান্ত: আগামী ফেব্রুয়ারি/২০২০ সময়ের মধ্যে পুস্তিকার খসড়া প্রণয়ন করে এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।	ডিএমটিসিএল এবং মনিটরিং কমিটি-০৪
১৩.	বিআরটিএ, বিআরটিসি এবং ডিএমটিসিএল কর্তৃক আগামী ১৭ মার্চ ২০২০ হতে পরবর্তী এক বছর "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগানের বহুল প্রচার। আলোচনাঃ বিআরটিএ কর্তৃক প্রধান কার্যালয়, ডিএমটিসিএল কর্তৃক মেট্রোরেল লাইন-৬ এবং লাইন-১ এর এলাইনমেন্ট বরাবর এবং বিআরটিসি কর্তৃক সারাদেশে চলমান বাস ও ট্রাকের মাধ্যমে ০১/০৩/২০২০ হতে পরবর্তী এক বছর "নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো" শ্লোগান বহুল প্রচারের অগ্রগতি সভায় আলোচনা হয়। ফিটনেস দেয়ার সময় যানবাহনে এ ধরনের স্টিকার দেয়া যায় মর্মে সভাপতি উল্লেখ করেন। এ বিষয়ে সংশ্লিষ্ট মনিটরিং কমিটির পক্ষ হতে লিফলেটের ডিজাইন সভায় উপস্থাপন করা হয়। সভাপতি লিফলেটের ডিজাইন বিষয়ে কতিপয় নির্দেশনা দেন।	০১/০৩/২০২০ হতে পরবর্তী এক বছর	সিদ্ধান্ত: ০ সভার নির্দেশনা মোতাবেক উল্লিখিত শ্লোগানসমূহ সংশোধন করে ১৫ ফেব্রুয়ারি ২০২০ এর মধ্যে চূড়ান্ত করতে হবে। ০ ফিটনেস দেয়ার সময় যানবাহনে শ্লোগানযুক্ত স্টিকার সরবরাহ করতে হবে।	ডিএমটিসিএল, বিআরটিএ, বিআরটিসি এবং মনিটরিং কমিটি-০৫

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	গৃহীত কার্যক্রম/কর্মসূচি ও আলোচনা	তারিখ ও বাস্তবায়নের স্থান	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা ও কমিটি
১৪.	বছরব্যাপী বিআরটিএ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ জনগণের দোরগৌড়ায় পৌছানোর উদ্দেশ্যকে সামনে রেখে বিভাগ ও জেলা পর্যায়ে বিশেষ সেবা সপ্তাহ কার্যক্রম পরিচালনা। আলোচনাঃ ০১/০১/২০২০ হতে পরবর্তী এক বছর পর্যায়ক্রমে দেশের প্রতিটি জেলা এবং বিভাগীয় শহরে বিআরটিএ কর্তৃক প্রদত্ত সেবা প্রদানের উদ্দেশ্যে বিশেষ সেবা সপ্তাহ কার্যক্রম পরিচালনার প্রস্তুতি সভায় পেশ করা হয়। এ বিষয়ে এখন থেকে মার্চ, মে, আগস্ট ও ডিসেম্বর মাসে বিশেষ সেবা সপ্তাহ পালনের পরিকল্পনা গ্রহণ করার জন্য বিআরটিএ'র প্রতিনিধিবৃন্দের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হয় এবং বিশেষ সেবা সপ্তাহ পালনের বিষয়টি লিফলেট/পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা হয়।	০১/০১/২০২০ হতে প্রতি ০৩ মাস অন্তর অন্তর বছরব্যাপী সেবা সপ্তাহ উদযাপন	সিদ্ধান্ত: ○ বিআরটিএ ২০২০ সালের মার্চ, মে, আগস্ট ও ডিসেম্বর মাসে বিশেষ সেবা সপ্তাহ কার্যক্রম পরিচালনার চূড়ান্ত কর্মসূচী পরবর্তী সভায় উপস্থাপন করবে। ○ বিশেষ সেবা সপ্তাহ পালনের বিষয়টি লিফলেট/পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে প্রচার করতে হবে।	বিআরটিএ এবং মনিটরিং কমিটি-০৫
১৫	সড়ক নিরাপত্তা, সচেতনতা সৃষ্টি, ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বছরব্যাপী বিশেষ প্রচারণা ও কর্মসূচি পালন। আলোচনাঃ বিআরটিএ এবং ডিটিসিএ কর্তৃক ঢাকা শহরের গুরুত্বপূর্ণ সংযোগস্থলসমূহে এবং সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ঢাকার বাইরে ১০টি গুরুত্বপূর্ণ স্থানে সড়ক নিরাপত্তা, সচেতনতা সৃষ্টি, ট্রাফিক আইন মেনে চলা ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক বছরব্যাপী বিশেষ প্রচারণা ও কর্মসূচি পালন।	১৭/০৩/২০২০ হতে বছরব্যাপী	সিদ্ধান্ত: সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাসমূহ বছরব্যাপী বিশেষ প্রচারণা ও কর্মসূচি পালনের নিমিত্ত সুনির্দিষ্ট বিস্তারিত কর্মসূচি গ্রহণ করবে এবং পরবর্তী সভায় লিখিত প্রস্তাবনা উপস্থাপন করবে। প্রয়োজনে সেবা সপ্তাহের তারিখ ঘোষণা করতে হবে।	সওজ অধিদপ্তর, বিআরটিএ এবং মনিটরিং কমিটি-০৫

৩.০ উল্লিখিত ১৫টি কর্মপরিকল্পনার বিষয়ে আলোচনার পর নির্বাহী পরিচালক, ডিটিসিএ কর্তৃক ওয়াকথন, বাইসাইকেল র‍্যালী ও পথনাটক আয়োজনের প্রস্তাব উপস্থাপন করেন। উক্ত প্রস্তাব এবং প্রতিনিধিবৃন্দের নিকট হতে উত্থাপিত প্রাসঙ্গিক অন্যান্য বিষয় আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

ক্রম	কার্যক্রম ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
০১.	(ক) ওয়াকথন আয়োজন: ডিটিসিএ কর্তৃক ঢাকা শহরে ছুটির দিনে সুশৃঙ্খলভাবে হাতিরঝিল এলাকায় ওয়াকথন আয়োজন; (খ) বাইসাইকেল র‍্যালী আয়োজন: বাইসাইকেলযোগে একটি দল নির্ধারিত এলাকায় সাইক্লিং এর মাধ্যমে বিভিন্ন স্থানে বিরতি দিয়ে নিরাপদ সড়ক ব্যবহার করবে এবং এ সময় সড়ক পরিবহন আইন, ২০১৮ এর বিষয়েও মতবিনিময়; (গ) পথনাটক আয়োজন: পথনাটকের মাধ্যমে সড়ক ব্যবহারকারীদের দায়িত্ব বিশেষ করে নিরাপদ সড়ক ব্যবহার, সড়কে নিরাপদ যাতায়াত ও সড়ক আইন সর্ম্পকে বার্তা প্রদান করা হবে। ডিটিসিএ অধিভুক্ত (ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়ণগঞ্জ, মানিকগঞ্জ ও নরসিংদী) প্রতিটি এলাকায় ০৩টি করে অর্থাৎ একটি স্কুল, একটি কলেজ/বিশ্ববিদ্যালয় এবং পাবলিক প্লেস (পার্ক/শহীদ মিনার/জনসমাগমস্থল) মোট ১৮টি স্থানে পথনাটক প্রদর্শন; সিদ্ধান্ত: ওয়াকথন, বাইসাইকেল র‍্যালী ও পথনাটক আয়োজনের বিস্তারিত পরিকল্পনা প্রণয়ন করে পরবর্তী সভায় উপস্থাপন ও এ বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে।	ডিটিসিএ
০২.	"নিপীড়িত মানবের মুক্তির মহানায়ক শেখ মুজিবুর রহমান" এবং "বাংলাদেশকে জানতে বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানো, বঙ্গবন্ধু শেখ মুজিবকে জানতে বাংলাদেশকে জানো" এ স্লোগান নিয়ে সওজ, বিআরটিএ ও বিআরটিসি ইচ্ছে করলে স্টিকার প্রণয়ন করতে পারে;	সওজ অধিদপ্তর, বিআরটিএ ও বিআরটিসি

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

ক্রম	কার্যক্রম ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সংস্থা
০৩.	ঢাকাসহ দেশের বিভিন্ন সড়কের ফুটওভার ব্রীজে মুজিব বর্ষের স্লোগান প্রদর্শন;	সওজ অধিদপ্তর
০৪.	হোটেল রিজেন্সি ও লা-মেরিডিয়ান এর সামনে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন;	সওজ অধিদপ্তর
০৫.	মুজিব বার্ষিকীতে প্রকাশিতব্য/নির্মিতব্য সকল ডকুমেন্ট/স্থাপনার সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার নামের সাথে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এর নাম সন্নিবেশন;	সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল
০৬.	সভায় উপস্থাপিত মুজিব বর্ষের লোগো ব্যবহার নির্দেশিকায় প্রদত্ত মগ, টি-শার্ট, ব্যাজ, কলম ও কোটপিন এর ডিজাইন অনুযায়ী লোগো সম্বলিত কোটপিন, মগ ও কলমদানি তৈরি;	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সওজ অধিদপ্তর, ডিটিসিএ, বিআরটিসি বিআরটিএ, ডিএমটিসিএল

৪.০ মুজিব বর্ষকে (২০২০) সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে "পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর" কার্যক্রমের কর্মসূচিরও যথাযথ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করে মহাসড়কে মার্কিং, সাইন-সিগনাল স্থাপন, বিভিন্ন অবকাঠামো পরিস্কার-পরিচ্ছন্ন রাখার জন্য যেকোন উদ্যোগ আন্তরিকভাবে গ্রহণ ও তত্ত্বাবধান করা জরুরী মর্মে সভায় আলোচনা করে সিদ্ধান্ত বাস্তবায়নের অনুরোধ করা হয়।

৫.০ সকল ক্ষেত্রে অনুমোদিত ডিজাইন ও নির্ধারিত গাইড লাইন অনুসরণ করে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা কর্মসূচি বাস্তবায়ন করবে।

৬.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
২৯/০১/২০২০
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

নং-৩৫.০০.০০০০.০০৮.২৩.০০২.১৯-৯৬৭

তারিখ: ১৬ মাঘ ১৪২৬ / ৩০ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি, ৫ম তলা, আন্তর্জাতিক মার্তৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
০৩. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
০৪. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
০৫. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
০৭. চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, রাজউক এভিনিউ, ঢাকা।
০৮. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সকল)/যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১০. উপসচিব/উপপ্রধান (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩০/১/২০২০

(মোহাঃ লিয়াকত আলী খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৪১২৮, ফ্যাক্স: ৯৫৮৫১৩৮
ই-মেইল: sasadmin@rthd.gov.bd